



পাংশা সরকারি কলেজ পাংশা, রাজবাড়ী। যুব রেড ক্রিসেন্ট

আন্তর্জাতিক রেড ক্রস ও রেড ক্রিসেন্ট আন্দোলন বিশ্বব্যাপী প্রায় ৯৭ মিলিয়ন স্বেচ্ছাসেবী, সদস্য এবং কর্মী সহ একটি আন্তর্জাতিক মানবিক আন্দোলন যা মানুষের জীবন এবং স্বাস্থ্য রক্ষা, সব মানুষের প্রতি শ্রদ্ধা নিশ্চিত করা, এবং মানুষের দুর্ভোগ প্রতিরোধ ও লাঘব করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি (Bangladesh Red Crescent Society - BDRCS) আন্তর্জাতিক রেডক্রস ও রেডক্রিসেন্ট আন্দোলনের অংশ। পাংশা সরকারি কলেজ “ যুব রেড ক্রিসেন্ট ” সোসাইটি বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির লক্ষ্য, উদ্দেশ্য ও মূলনীতিকে ধারণ করে তা বাস্তবায়ন করার জন্য কাজ করে যাচ্ছে।

- ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ চলাকালীন সময় বাংলাদেশে মানবিক সেবার জন্য একটি সংগঠনের প্রয়োজন দেখা দেয়।
- স্বাধীনতার পর ১৯৭৩ সালে বাংলাদেশের তৎকালীন রাষ্ট্রপতি “ বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি ” আইন অনুমোদন দেন।
- এভাবে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি প্রতিষ্ঠিত হয় এবং আন্তর্জাতিক রেডক্রস কমিটির (ICRC) সদস্যপদ লাভ করে।
- প্রতিষ্ঠার পর থেকে দুর্ভোগ মোকাবিলা, স্বাস্থ্যসেবা, রক্তদান কার্যক্রম এবং শরণার্থী ও অসহায় মানুষের সহায়তায় প্রতিষ্ঠানটি কাজ করে আসছে।

লক্ষ্য

১. মানবতার সেবায় সর্বদা নিয়োজিত থাকা।
২. দুর্ভোগ ও জরুরি পরিস্থিতিতে ক্ষতিগ্রস্তদের জীবন বাঁচানো ও পুনর্বাসনে সহায়তা করা।
৩. স্বাস্থ্য, পুষ্টি ও রক্তদান কার্যক্রমের মাধ্যমে জনগণের কল্যাণ নিশ্চিত করা।
৪. মানবিক মূল্যবোধের বিকাশ এবং সমাজে শান্তি ও সহযোগিতা প্রতিষ্ঠা।

উদ্দেশ্য

- যেকোনো প্রাকৃতিক দুর্ভোগ (বন্যা, ঘূর্ণিঝড়, ভূমিকম্প ইত্যাদি) ও মানবসৃষ্ট বিপর্যয়ে তাৎক্ষণিক ত্রাণ ও উদ্ধার কার্যক্রম পরিচালনা করা।
- দরিদ্র, অসহায়, শারীরিক প্রতিবন্ধী ও শরণার্থীদের সেবা প্রদান।
- জনগণের মধ্যে স্বেচ্ছাসেবামূলক কাজের চেতনা জাগ্রত করা।
- যুব ও স্বেচ্ছাসেবকদের প্রশিক্ষণ দিয়ে জরুরি সেবায় সক্ষম করে তোলা।
- জাতীয় ও আন্তর্জাতিক মানবিক কার্যক্রমে সহযোগিতা করা।

মূলনীতি (আন্তর্জাতিক রেডক্রস ও রেডক্রিসেন্ট আন্দোলনের ৭টি মূলনীতি)

১. **মানবতা (Humanity):** মানব কষ্ট লাঘব ও জীবন রক্ষাই প্রধান উদ্দেশ্য।
২. **নিরপেক্ষতা (Neutrality):** সংঘাত বা রাজনীতিতে কোনো পক্ষ অবলম্বন না করা।
৩. **পক্ষপাতহীনতা (Impartiality):** ধর্ম, বর্ণ, জাতি বা মতাদর্শভেদে কাউকে বৈষম্য না করে সহায়তা প্রদান।
৪. **স্বাধীনতা (Independence):** সরকারের প্রভাবমুক্ত থেকে মানবিক কাজ চালিয়ে যাওয়া।
৫. **স্বেচ্ছাসেবা (Voluntary Service):** আর্থিক লাভের উদ্দেশ্যে নয়, নিছক মানব সেবার মানসে কাজ করা।
৬. **ঐক্য (Unity):** প্রতিটি দেশে কেবল একটি রেড ক্রিসেন্ট বা রেড ক্রস সোসাইটি থাকবে এবং তা সবার জন্য উন্মুক্ত থাকবে।
৭. **সার্বজনীনতা (Universality):** বিশ্বের সব রেডক্রস ও রেডক্রিসেন্ট সংগঠন সমান মর্যাদা ও দায়িত্ব ভাগাভাগি করে কাজ করবে।

পাংশা সরকারি কলেজ “ যুব রেড ক্রিসেন্ট ” এর বিভিন্ন কর্মকালন্ডের চিত্র :



ফ্রি ব্লাড ক্যাম্পেইন



ট্রাফিক নিয়ন্ত্রণ



দক্ষতা বৃদ্ধি বিষয়ক আলোচনা



সদস্য সংগ্রহ



ফ্রি ব্লাড ক্যাম্পেইন



সদস্য সংগ্রহ



পরিক্ষার-পরিচ্ছন্ন অভিযান



ফ্রি ব্লাড ক্যাম্পেইন



পরিক্ষার-পরিচ্ছন্ন অভিযান



পরিষ্কার-পরিচ্ছন্ন অভিযান



ট্রাফিক নিয়ন্ত্রণ



প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ



ট্রাফিক নিয়ন্ত্রণ



ট্রাফিক নিয়ন্ত্রণ



સદસ્ય સંગ્રહ



સદસ્ય સંગ્રહ